**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 13-02-2026**
**Time: 07:35-07:40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

**Strategic Approach to Industrial Development :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, উন্নয়নমূলক পরিকল্পনা রূপায়ণের ক্ষেত্রে ত্রিপুরা বিভিন্ন রাজ্যের কাছে পথপ্রদর্শক হয়ে উঠছে। গতকাল এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাঙ্কের পক্ষ থেকে ত্রিপুরা ইনস্টিটিউট অফ ট্রান্সফরমেশন ওয়ার রুমে স্ট্র্যাটেজিক অ্যাপ্রোচ টু ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্টের রোডম্যাপ পুস্তক প্রকাশ করে তিনি একথা বলেন। তিনি বলেন, এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাঙ্কের পক্ষ থেকে শিল্প উন্নয়নে এই রোডম্যাপ গ্রহণের ফলে রাজ্যে দীর্ঘমেয়াদী শিল্প উন্নয়ন ত্বরান্বিত হবে। এই রোডম্যাপ রাজ্যকে আঞ্চলিক বাণিজ্য ও উৎপাদন কেন্দ্র হিসেবে গড়ে তুলবে। রাজ্যে শিল্প উন্নয়নে রাবার, বাঁশ ও খাদ্য প্রক্রিয়াকরণকে অগ্রাধিকার দেওয়া হয়েছে। মুখ্যমন্ত্রী আরো বলেন, কেন্দ্রীয় সরকারের ভিশন ডকুমেন্ট কর্মসূচি রূপায়ণে ত্রিপুরা দেশের অনেক রাজ্য থেকে অনেকটাই এগিয়ে। বর্তমানে রাজ্যের বাইরের অনেক বিনিয়োগকারী রাজ্যে শিল্প স্থাপনে উৎসাহ দেখাচ্ছে।

অনুষ্ঠানে এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাঙ্কের কান্ট্রি ডাইরেক্টর মিউ-ওকা বলেন, শিল্প উন্নয়নে এধরণের রোডম্যাপ বিকশিত ভারত গঠনে অনেকটা সহায়ক হবে। উপস্থিত ছিলেন শিল্প ও বাণিজ্য মন্ত্রী সান্তনা চাকমা, ত্রিপুরা শিল্প উন্নয়ন নিগমের চেয়ারম্যান নবাদল বণিক।

**********************

**Industry fair closing :**

আগরতলার হাপানিয়া আন্তর্জাতিক মেলা প্রাঙ্গনে আয়োজিত ১৫ দিন ব্যাপী ৩৬ তম ত্রিপুরা শিল্প ও বাণিজ্য মেলা গতকাল শেষ হয় । অর্থমন্ত্রী প্রনজিত সিংহ রায় গতকাল শিল্প ও বাণিজ্য মেলার সমাপ্তি অনুষ্ঠানে বলেছেন, রাজ্য সরকার ত্রিপুরাকে শ্রেষ্ঠ রাজ্য হিসেবে গড়ে তোলার প্রয়াস নিয়েছে। তিনি বলেন, ত্রিপুরা আজ আই.টি. সেক্টরে দারুণভাবে এগিয়ে চলেছে। ৫০০ কোটি টাকা ব্যয়ে আইটি, পার্ক গড়ে তোলার প্রয়াস নেওয়া হয়েছে। সমাপ্তি অনুষ্ঠানে শিল্প ও বাণিজ্যমন্ত্রী সান্ত্বনা চাকমা বলেন, □ারা বিভিন্ন শিল্প প্রতিষ্ঠানের সাথে □ুক্ত রয়েছেন তারা কিভাবে নিজেদের অবস্থা আরও সুদৃঢ় করতে পারেন সে লক্ষ্যে রাজ্য সরকার কাজ করছে। তিনি বলেন, আগে রাজ্যে বিভিন্ন ক্ষুদ্র শিল্প উপেক্ষিত ছিল। বর্তমানে বিভিন্ন প্রকল্প চালুর মধ্য দিয়ে ক্ষুদ্র শিল্পকে নানাভাবে উৎসাহিত করা হচ্ছে। অনুষ্ঠানে ক্রীড়ামন্ত্রী টিংকু রায় বলেন, রাজ্যে বর্তমানে ৫০ হাজারের উপর স্বসহায়ক গোষ্ঠী রয়েছে। গত কয়েক বছরে এগুলিকে ১৫ কোটি টাকার উপর ঋণ দেওয়া হয়েছে। রাজ্যে বর্তমানে ১ লক্ষ ১৫ হাজার ৯১০ জনকে এম.এস.এম.ই-র রেজিস্ট্রেশন করা হয়েছে। নতুন ১৩ হাজার □ুবক □ুবতীকে বিভিন্ন শিল্পের সঙ্গে □ুক্ত করা হয়েছে। তাদের ৩৭০ কোটি টাকা ঋণ হিসেবে দেওয়া হয়েছে। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন তপশিলি জাতি কল্যাণমন্ত্রী সুধাংশু দাস, বিধায়ক মিনারাণী সরকার প্রমুখরা।

*********************

**Mukhyamantri Janajati Bikash Yojna :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা গতকাল আগরতলার রবীন্দ্র শতবার্ষিকী ভবনে জনজাতি কল্যাণ দপ্তর আয়োজিত মুখ্যমন্ত্রী জনজাতি বিকাশ (□জনার অন্তর্গত সুবিধাভোগীদের সঙ্গে মতবিনিময় করেন। তিনি বলেন, জনজাতিদের কৃষ্টি, সংস্কৃতি বজায় রাখতে সরকার নিরলসভাবে কাজ করছে। পাশাপাশি তাদের স্বাস্থ্য, শিক্ষা, আর্থ সামাজিক উন্নয়নেও সরকার

সচেষ্ট। বক্তব্য রাখেন অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহ রায়, জনজাতি কল্যাণ মন্ত্রী বিকাশ দেব্বর্মা ।

*******************

**PM–Sevatirtha :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ নতুনদিল্লীতে সেবাতীর্থ এবং কর্তব্য ভবন ১ ও ২–এর উদ্বোধন করবেন। তিনি সন্ধ্যায় সেবা তীর্থে এক জনসভায় ভাষণ দেবেন। কর্তব্য ভবন ১ ও ২–এ অর্থ, প্রতিরক্ষা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ, কর্পোরেট বিষয়ক, শিক্ষা, সংস্কৃতি, আইন ও বিচার, তথ্য ও সম্প্রচার, কৃষি ও কৃষক কল্যাণ, রাসায়নিক ও সার এবং উপজাতি বিষয়ক সহ বেশ কয়েকটি গুরুত্বপূর্ণ মন্ত্রক রয়েছে।

********************

**CBSE :**

কেন্দ্রীয় মাধ্যমিক শিক্ষা পর্ষদ–CBSE এই বছর থেকে দ্বাদশ শ্রেণীর উত্তরপত্র মূল্যায়নের জন্য অন–স্ক্রিন মার্কিং –OSM পদ্ধতি অনুসরণ করবে। তবে, দশম শ্রেণীর উত্তরপত্র মূল্যায়ন আগের মতোই হতে থাকবে। CBSE–র পরীক্ষা নিয়ন্ত্রক সন্ন্যাস ভরদ্বাজ জানিয়েছেন, দক্ষতা এবং স্বচ্ছতা বৃদ্ধির জন্য পর্ষদ ২০২৬ এর দ্বাদশ শ্রেণীর পরীক্ষার উত্তরপত্র মূল্যায়নের জন্য অন–স্ক্রিন মার্কিং–OSM চালু করার সিদ্ধান্ত নিয়েছে। বোর্ড এই বছর থেকে দশম শ্রেণীতে দ্বিতীয় বোর্ড পরীক্ষার ঘোষণাও করেছে, ে□খানে পরবর্তী পরীক্ষাটি সেইসব শিক্ষার্থীদের জন্য ঐচ্ছিক হবে, □রা তাদের ফলাফলের মান উন্নত করতে চান।

**********************

**World Radio Day :**

আজ বিশ্ব রেডিও দিবস। জাতিসংঘের উদ্যোগে ১৯৪৬ সাল থেকে প্রতিবছর বিশ্ব ব্যপি ১৩ ই ফেব্রুয়ারী দিনটিকে রেডিও দিবস হিসাবে পালন করা হয়। বিশ্ব রেডিও দিবস উদ□াপনে, আকাশবাণী রায়পুর, ইউনেস্কোর সহ□াগিতায় আজ একটি বিশ্ব রেডিও দিবস সম্মেলন আয়োজন করছে। বিশ্ব রেডিও দিবসে এই বছরের থিম হলো “রেডিও এবং কৃত্রিম বুদ্ধিমত্তা: এআই একটি সরঞ্জাম, কন্ঠ নয়।”

**********************

**Civic Action BSF :**

সিভিক অ্যকশান কর্মসূচি হিসাবে সীমান্ত রক্ষী বাহিনীর ৬৯ বাহিনীর উদ্যোগে গতকাল দক্ষিন জেলার রাজনগর ব্লকের ঘোষখামার দ্বাদশ স্কুল মাঠে আয়োজিত ফুটবল টুর্নামেন্টের ফাইনাল ম্যাচ অনুষ্ঠিত হয়। ফাইনাল ম্যাচে অংশ নেয় বাতিসা গ্রাম পঞ্চায়েত ও নীহারনগর গ্রাম পঞ্চায়েত ফুটবল টিম। ম্যাচের নির্ধারিত সময় গোলশূন্য থাকায় ট্রাই ব্রেকারে নীহারনগর গ্রাম পঞ্চায়েত জয়লাভ করে। উভয় দলের খেলোয়াড়দের জার্সি ও বুট দেওয়া হয় বিএসএফের তরফে।

********************

**WOMEN CRICKET :**

মহিলাদের জাতীয় সিনিয়র ক্রিকেটের সীমিত ওভারের আসরে গ্রুপের চতুর্থ খেলায়ও ত্রিপুরা পরাজিত হয়েছে। গতকাল রাঁচির জে এস সি এ ওভাল মাঠে অনুষ্ঠিত খেলায় কেরালা ৬০ রানে রাজ্যদলকে হারিয়ে দেয়।

*********************

**Weather :**

আজ দুপুর পর্যন্ত আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়েছে, আকাশ সাধারণত পরিস্কার থাকবে। সকালের দিকে কুয়াশা ছিল। আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১২.৮ ডিগ্রি সেলসিয়াস। দিনের সর্বোচ্চ তাপমাত্রা থাকবে ২৯ ডিগ্রির কাছাকাছি।

*******************

*******************